বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক: বিএসি/প্রশাসন/সেবা প্রদান প্রতিশ্রুতি/২০২২/৩৫৯

তারিখ : ০৭ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## সভার নোটিশ

২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভা কাউন্সিলের সচিব ও কমিটির সভাপতি প্রফেসর এ.কে.এম.মুনিরুল ইসলামের সভাপতিত্বে কাউন্সিলের সভা কক্ষে আগামী ২৫.০৯.২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সভার আলোচ্যসূচি

(ক) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা;
(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন;
(গ) ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ;
(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন;
(ঙ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।
(চ) বিবিধ।

নাসির 22/09/22
(নাসির উদ্দীন আহাম্মেদ)
পরিচালক
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)
০১. প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম, সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০২. জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন, পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৩. জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৪. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
০৫. মো: আবু সাঈদ, ব্যক্তিগত কর্মকর্তা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য), বিএসি, ঢাকা;
০৬. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার উপস্থিতি:

সভাপতি : প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম, সচিব, বিএসি
স্থান : কাউন্সিলের সভা কক্ষ
তারিখ : ২৫.০৯.২০২২
সময় : সকাল ১১.০০ ঘটিকা

| ক্র. নং | নাম (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়) | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | নাসির উদ্দীন আহাম্মেদ | পরিচালক, বিএসি | |
| ২. | মোহাম্মদ তাজিব উদ্দিন | পরিচালক, বিএসি | |
| ৩. | মো: আরাফাত হোসেন | সহকারী পরিচালক, বিএসি | |

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক: বিএসি/প্রশাসন/সেবা প্রদান প্রতিশ্রুতি/২০২২/৩৬০

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম, সচিব, বিএসি
স্থান : কাউন্সিলের সভা কক্ষ
তারিখ : ২৫.০৯.২০২২
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব-কে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে কাউন্সিলের পরিচালক জনাব নাসির উদ্দীন আহাম্মেদ ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পর্যালোচনা; | সভার শুরুতে কাউন্সিলের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের বিষয়ে সকলে একমত প্রকাশ করা হয়। | কাউন্সিলের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন; | ২০২২-২৩ অর্থ বছরে মোট ০৪ টি সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনগ্রহণপূর্বক ২০২২-২৩ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে কাউন্সিলের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪টি সভা আয়োজন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে মোট ০৪ টি সভা আয়োজন করা হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ৩. | ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ; | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আগামী ২৯.০৯.২০২২ তারিখের মধ্যে হালনাগাদকরণের বিষয়ে সভায় সকলে একমত প্রকাশ করেন। | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আগামী ২৯.০৯.২০২২ তারিখের মধ্যে হালনাগাদ করা হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন; | ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২ টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনগ্রহণপূর্বক ২০২২-২৩ অর্থ বছরে ২টি সভা আয়োজন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। তবে প্রথম কোয়ার্টারে কোন প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন না করার বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করেন। | ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা হবে। তবে প্রথম কোয়ার্টারে কোন প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা হবেনা। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনগ্রহণপূর্বক ২০২২-২৩ অর্থ বছরে ২টি সভা আয়োজন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন। তবে প্রথম কোয়ার্টারে কোন স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজন না করার বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করেন। | ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজন করা হবে। তবে প্রথম কোয়ার্টারে কোন অবহিতকরণ সভা আয়োজন করা হবে না। | |

সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম)
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)

০১. জনাব নাসির উদ্দীন আহাম্মেদ, পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০২. জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন, পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৩. জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৪. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
০৫. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট।